

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড
পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন : +৮৮-০২-৪১০৬১৩১৯, ৪১০৬১৩২০
ফ্যাক্স : +৮৮০-২-৯৬৭৬৬০০



PHARMACY COUNCIL OF BANGLADESH

Rahat Tower (4th Floor), 14 Link Road
West Banglamotor, Dhaka-1000, Bangladesh.
Tel : +88-02-41061319, 41061320, Fax : +880-2-9676600
E-Mail : info@pcb.gov.bd, Web : www.pcb.gov.bd

স্মারক নং: পিসিবি/২০২৫-৮৪০

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের 'এ', 'বি' এবং 'সি' ক্যাটাগরির রেজিস্ট্রেশন সংক্রান্ত কার্যক্রম নিম্নরূপভাবে পরিচালিত হবে:

- (১) QR Code সম্বলিত 'এ', 'বি' এবং 'সি' ক্যাটাগরির রেজিস্ট্রেশন সনদ অনলাইনে প্রদান করা হবে;
- (২) রেজিস্ট্রেশন সনদ নবায়নের ক্ষেত্রে ইতঃপূর্বে ইস্যুকৃত 'এ', 'বি' এবং 'সি' ক্যাটাগরির রেজিস্ট্রেশন সনদের হার্ড কপি কাউন্সিলে সমর্পণের পর নবায়নপূর্বক অনলাইনে QR Code সম্বলিত 'এ', 'বি' এবং 'সি' ক্যাটাগরির রেজিস্ট্রেশন সনদ প্রদান করা হবে;
- (৩) 'এ', 'বি' এবং 'সি' ক্যাটাগরির রেজিস্ট্রেশন আবেদনের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র বাধ্যতামূলক করা হয়েছে;
- (৪) স্মার্ট রেজিস্ট্রেশন কার্ড গ্রহণে আগ্রহী রেজিস্ট্রেশন সনদপ্রাপ্ত ব্যক্তির আবেদনের পরিপ্রেক্ষিতে ৫০০ (পাঁচশত) টাকা ফি প্রদান সাপেক্ষে স্মার্ট রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে;
- (৫) 'এ', 'বি' এবং 'সি' ক্যাটাগরির রেজিস্ট্রেশনের আবেদন ও নবায়নের আবেদনের ক্ষেত্রে ক্ষমতা হস্তান্তরপত্র (Authorization Letter) গ্রহণযোগ্য নয় এবং
- (৬) বিস্তারিত তথ্যের জন্য বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের ওয়েবসাইট www.pcb.gov.bd ভিজিট করুন।

০২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।


(মুহাম্মদ মাহবুবুল হক)

সচিব

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

স্মারক নং: পিসিবি/২০২৫-৮৪০(৭)

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। সহ-সভাপতি, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল।
- ২। সভাপতি, রেজিস্ট্রেশন কমিটি, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা (সভাপতি, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল ও সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। উপ-পরিচালক (নিবন্ধন), বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল।
- ৫। সহকারী পরিচালক (নিবন্ধন), বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল।
- ৬। প্রশাসনিক কর্মকর্তা, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল।
- ৭। সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল।
- ৮। অফিস কপি।